সংবাদ

তারিখ ... 09 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৭ ৮ কলাম ৫ ......

# মুরাদনগরে ১১০৫ শিক্ষার্থীকে শিক্ষা উপকরণ বিতরণ

প্রতিনিধি, মুরাদনগর (কুমিল্লা)

কুমিল্লার মুরাদনগর উপজেলার পাঁচকিত্তা উত্তরকান্দি ও হারপাকনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক হাজার ১০৫ শিক্ষার্থীদের মাঝে গত সোমবার বিকেলে লায়ন্স ক্লাব অব চিটাগাং এর উদ্যোগে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। এতে প্রধান অতিথির বক্তব্য রেখে শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ তুলে দেন লায়ন্স জেলা গভর্নর লায়ন মোস্তাক হোসাইন। লায়ন্স ক্লাব অব চিটাগাং এর প্রেসিডেন্ট লায়ন জি.কে লালার সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রামচন্দ্রপুর দক্ষিণ ইউপি চেয়ারম্যান আব্দুল লতিফ সরকার, উপজেলা শিক্ষা কর্মকর্তা এএনএম মাহবুব আলম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ক্লাবের কেবিনেট সেক্রেটারি লায়ন জাফর উল্লাহ চৌধুরী, ট্রেজারার লায়ন সামছুদ্দিন সিদ্দিকী, লায়ন আলহাজ সামসুল হক সরকার, উত্তরকান্দি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফেরদৌস মিয়া। শিক্ষক নেতা আবু কাউছার ভুইয়ার উপস্থাপনায় অনুষ্ঠানে প্রেসক্লাবের সভাপতি হাবিবুর রহমানসহ শিক্ষকমণ্ডলী, ছাত্র-ছাত্রীদের অভিভাবক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও বিভিন্ন শ্রেণী-পেশার লোকজন উপস্থিত ছিলেন।